

ঢাবিতে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ক্লাস!

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শ্রেণীকক্ষে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শ্রেণীকক্ষে পরিণত করেছেন এক শিক্ষক। নিয়ম-বহির্ভূতভাবে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে এদেশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিকা অনুষ্ঠানের ২০৩ নম্বর কক্ষে ক্লাস নিয়েছেন ঐ অধ্যাপক। গতকাল ৩৩শ্বর দুপুরে তিনি ঐ ক্লাস নেন।

অতিথিত এই শিক্ষক হলেন বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা অধ্যয়ন (ম্যানেজমেন্ট স্টাডিজ) বিভাগের অধ্যাপক আলী আহমাদ। গতকাল দুপুরে তিনি ইউনিভার্সিটি অব বাংলাদেশের (আইইউবি) এমবিএ প্রথম সেমিস্টারের ক্লাস নেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শ্রেণীকক্ষে। এ ঘটনাকে অস্বাভাবিক ও নিয়ম-বহির্ভূত বলে আখ্যা দিয়েছেন অনুষ্ঠানের তিন অধ্যাপক জামাল উদ্দিন আহমেদ।

প্রত্যক্ষদর্শী জানান, গতকাল দুপুর ১২টায় অধ্যাপক আলী আহমাদ আইইউবির ২৯ জন শিক্ষার্থী নিয়ে অনুষ্ঠানের ২০৩ নম্বর কক্ষে ক্লাস শুরু করেন। পৌনে একটার দিকে সমাবর্তনে অংশ নেয়া কিছু শিক্ষার্থী ঐ কক্ষে প্রবেশের চেষ্টা করলে তিনি তাদেরকে তোমরা কারা? আউট, আউট আউট... এখানে শুরুত্বপূর্ণ ক্লাস চলছে' বলে বের করে দেন। সন্ধ্যা ছয়টা পর্যন্ত ক্লাস চলবে বলে তিনি কক্ষের দরজা ভেঙে বের করে দেন। পরে দুপুর দেড়টায় ক্লাস শেষে কেঁরিয়ে আসেন আইইউবি-র শিক্ষার্থীরা। কয়েকজন শিক্ষার্থী জানান, আইইউবিতে আলী আহমাদ তাদের কোর্স শিক্ষক। বিজনেস রিসার্চ মেথডস (এমবিএ-৫০৪) কোর্সটির অতিরিক্ত ক্লাস করতে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসেছিলেন।

এ প্রসঙ্গে জানতে অধ্যাপক আলী আহমাদের সাথে মুঠোফোনে যোগাযোগ করার চেষ্টা করে ও জায়ে পাওয়া যায়নি। ব্যবসায় শিকা অনুষ্ঠানের তিন অধ্যাপক জামাল উদ্দিন আহমেদ বলেন, এ ধরনের ঘটনা আগে কখনো ঘটেনি। তদন্ত করে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।